



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
sadar.lakshmipur.gov.bd



স্মারক নং- ০৫.৪২.৫১০০.০৫৫.০২.০১০.২০২০- ৪৩৯

তারিখ- ০৯.০৫.২০২১ খ্রি.


বিষয় : ওয়েব পোর্টাল বাংলা ও ইংরেজী ভাষনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, লক্ষ্মীপুর মহোদয়ের কার্যালয়ের আইসিটি শাখার ০৫ মে, ২০২১ খ্রি. তারিখের ৪৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি সেবাসমূহকে জনগণের কাছে পৌঁছে দেওয়ার অন্যতম মাধ্যম হলো ন্যাশনাল পোর্টাল বা বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন। কিন্তু পরিলক্ষিত হচ্ছে যে, অত্র উপজেলার বিভিন্ন সরকারি দপ্তর ও ইউনিয়ন বাতায়নের কনটেন্ট ও তথ্য-উপাত্ত হালনাগাদ নেই। এছাড়া, দর্শনীয় স্থানসমূহের হালনাগাদ তথ্য এবং ইংরেজি ভাষনে না থাকায় জনগণের দৌড়গোড়ায় সেবা পৌঁছে দেওয়ার চলমান প্রক্রিয়া বাঁধাগ্রস্ত হওয়ার পাশাপাশি জবাবদিহিতা, স্বচ্ছতা ও শুদ্ধাচার চর্চা ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায়, নিজ অফিসসহ সংযুক্ত অফিসসমূহের তথ্য বাতায়নের ইংরেজি ভাষনের রূপান্তর ও দর্শনীয় স্থানসমূহের বিশদ বর্ণনা ও স্থানসমূহের ছবি আপলোডসহ বাতায়নের কনটেন্ট ও তথ্য-উপাত্ত হালনাগাদপূর্বক আগামী ১০ কার্যদিবসের মধ্যে এ ইমেইলে (unosadarlakshmipur@gmail.com) অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মন্ত্রিপরিষদ বিভাগসহ জেলা প্রশাসন থেকে সার্বক্ষণিক পরিবীক্ষণ করা হচ্ছে।

১. উপজেলা.....কর্মকর্তা (সকল)
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
২. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ (সকল)
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।


(মোহাম্মদ মাসুম)

উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
ফোন: ০৩৮১-৬২৬১৪

ইমেইল: unolaxmipur@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো-

- ১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ২। জনাব মনিরা খাতুন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর
- ৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লক্ষ্মীপুর সদর।